গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(প্রশাসন ও সংস্থাপন শাখা)
www.shed.gov.bd

বিষয় : শিক্ষা মন্ত্রণালয়ের "সকল উপবৃত্তি প্রদান প্রকল্প" প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট-এ স্থানান্তরের নিমিত্ত ২৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. অরুণা বিশ্বাস অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
সভার তারিখ	২৪ সেপ্টেম্বর ২০১৯
সভার সময়	সকাল ১০:০০ টা
স্থান	শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	'পতাকা-ক' সদয় দ্রষ্টব্য।

সভার শুরুতে সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ২৩ মে, ২০১৮ তারিখে অনুষ্ঠিত "প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট"-এর উপদেষ্টা পরিষদের ৫ম সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, "সকল উপবৃত্তি প্রকল্প ট্রাস্টে স্থানান্তরের বিষয়ে আরও পরীক্ষা-নিরীক্ষা করে সকলের সমন্বয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে"। এ জন্য অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দরিদ্র, মেধাবী ছাত্র-ছাত্রীদের শিক্ষা নিশ্চিত করিবার লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট নামে একটি ট্রাস্ট গঠন করিবার উদ্দেশ্যে বিধান প্রণয়নকল্পে ২০১২ সনের ১৫ নং আইনের ৯(ক) ধারায় নির্দেশনা এই রকম যে ৬ষ্ঠ হইতে স্নাতক ও সমমান শ্রেণি পর্যন্ত দরিদ্র, মেধাবী ছাত্র-ছাত্রীদের বিনা বেতনে শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি ও উপবৃত্তি প্রদান। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উপদেষ্টা পরিষদের পঞ্চম সভার সিদ্ধান্ত এবং ট্রাস্টি বোর্ড এর নবম সভার সিদ্ধান্ত অনুসারে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত ষষ্ঠ শ্রেণি থেকে সকল উপবৃত্তি কার্যক্রম ট্রাস্টে স্থানান্তর প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। এ সিদ্ধান্তের আলোকে উপবৃত্তি প্রকল্পসমূহ ট্রাস্টে স্থানান্তরের বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশমালা প্রণয়ন তথা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কে আহবায়ক এবং প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালককে সদস্য সচিব ও ড. মো: মাহামুদ-উল-হক, অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ; মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর; মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর; অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়; সদস্য করে গত ৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. সাত সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। এটিই এ কমিটির প্রথম সভা। তিনি আরও বলেন সভায় ট্রাস্টের বর্তমান জনবল কাঠামো পর্যালোচনা, অতিরিক্ত জনবলের প্রয়োজনীয়তা যাচাইকরণ, Management Information System (MIS) স্থাপনের মাধ্যমে শক্তিশালীকরণ এবং উপবৃত্তি বিতরণ কার্যক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/সংস্থার ভূমিকা কি হবে সে বিষয়ে আলোচনা করা যেতে পারে।

০২. আলোচনায় অংশ নিয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) ড. মোঃ মাহামুদ-উল-হক বলেন, বর্তমানে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন ছয়টি ভিন্ন ভিন্ন প্রকল্পের মাধ্যমে সরকারের শিক্ষা সংক্রান্ত উপবৃত্তি কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রতি বছর প্রায় ৫০-৬০ লক্ষ শিক্ষার্থীকে বিভিন্ন স্তরে উপবৃত্তি দেয়া হয়। সরকারের এ কার্যক্রমটি বিশাল আকারের হওয়ার কারণে উপবৃত্তি স্থানান্তরের পূর্বে বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষা করা প্রয়োজন। প্রশাসন শাখার উপসচিব বলেন উপবৃত্তি বিতরণ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে ট্রাস্টের বর্তমান জনবল পর্যাপ্ত কি না সে বিষয়ে বিবেচনা করা দরকার। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জানান, ই-স্টাইপেন্ড কার্যক্রম বাস্তবায়ন করতে হলে MIS স্থাপন করতে হবে; যার সাথে অনেক টেকনিক্যাল বিষয় জড়িত। উপবৃত্তি কার্যক্রম স্থানান্তরের পূর্বেই এ বিষয়ে বিস্তারিত কর্মপন্থা নির্ধারন করা প্রয়োজন । এছাড়া, অর্থ বিভাগের উপসচিব জানান উপবৃত্তি বিতরণের অর্থ কিভাবে সংস্থান হবে এবং ট্রাস্টের উপবৃত্তি বিতরণ কার্যক্রম সরকারের রাজস্ব বাজেটে আসার সুযোগ আছে কি না তা খতিয়ে দেখা প্রয়োজন। অন্যদিকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি বলেন, উপবৃত্তি বাস্তবায়নের সাথে সম্পৃক্ত জেলা ও উপজেলা কর্মকর্তাগণের জবাবদিহিতা ও সম্পৃক্ততা কি হবে এবং মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/সংস্থার ভূমিকা কী হবে তা স্পষ্টীকরণ প্রয়োজন। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উপ-পরিচালক বলেন, সার্বিক বিষয় পর্যালোচনা ও বিস্তারিত পরীক্ষা-নিরীক্ষার জন্য একটি কার্যকমিটি গঠন করা যেতে পারে।

চলমান পাতা-২

০৩. সার্বিক আলোচনা শেষে সভাপতি উপস্থিত সদস্যদের প্রস্তাব অনুসারে নিম্নোক্ত কার্যকমিটি গঠন করেন :

(ক)	জনাব মো: আব্দুল্লাহ আল মামুন, উপসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	আহবায়ক
(খ)	জনাব তনিমা তাসমিন, উপসচিব, অর্থ বিভাগ	সদস্য
(গ)	সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
(ঘ)	জনাব সাইফুল ইসলাম, উপ-পরিচালক, (এইচএসএসপি প্রকল্প)	সদস্য
(ঙ)	সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	সদস্য
(চ)	প্রতিনিধি, কারিগরি শিক্ষা অধিদপ্তর	সদস্য
(ছ)	প্রতিনিধি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	সদস্য
(জ)	উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট	সদস্য সচিব

০৪. উক্ত কমিটি আগামী ১৫ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে বিস্তারিত প্রতিবেদন দাখিল করবে।

০৫. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০৯.২০১৯

(ড.অরুণা বিশ্বাস)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.১৪.০০১.১৯.১১৬৮

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৪ / ২৫ সেপ্টেম্বর ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) উপসচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) উপপরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
৯) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোহাম্মদ আবুনাসের বেগ)
উপসচিব